গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ শাখা
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন চলমান উন্নয়ন প্রকল্পসমূহের এপ্রিল/২০২৬ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ ফিরোজ সরকার সচিব
সভার তারিখ	২৩ মে, ২০২৬
সভার সময়	বেলা: ১২.০০ ঘটিকা
স্থান	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-এ
উপস্থিতি	সংযোজনী-'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) গত ২৬ এপ্রিল ২০২৬ তারিখে অনুষ্ঠিত মার্চ/২০২৬ পর্যন্ত উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য সভায় উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন/পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নির্দেশিত হয়ে উপসচিব (উন্নয়ন-১) ২০২৫-২০২৬ অর্থবছরে চলমান উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচ্যসূচী অনুযায়ী সভায় উপস্থাপন করেন।

২। উপসচিব (উন্নয়ন-১) বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরে অত্র বিভাগ ও এর আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের সংখ্যা ১৮টি। ১৮টি প্রকল্পের বিপরীতে আরএডিপি বরাদ্দ ২০১,৩৯.৯৬ লক্ষ (দুইশত এক কোটি উনচল্লিশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা এবং চলতি অর্থবছরের এপ্রিল ২০২৬ মাস পর্যন্ত বরাদ্দের বিপরীতে মোট ব্যয় ৫৩,৫৭.৩৮ লক্ষ (তিপ্পান্ন কোটি সাতান্ন লক্ষ আটত্রিশ হাজার) টাকা অর্থাৎ আর্থিক অগ্রগতির হার ২৬.৬০%।

৩। সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

১.	টেকসই কৃষি পরিসংখ্যান প্রকল্প। মেয়াদ: ডিসেম্বর, ২০২৩ - নভেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৬ কোটি ০৫ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বরাদ্দ ৬ কোটি ৩২ লক্ষ ৬০ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৬ কোটি ৩২ লক্ষ ৬০ হাজার টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৩ কোটি ৫৫ লক্ষ ১৭ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৫৬.১৪%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ৩য় জরিপ 'জমির মালিকানা এবং নিরাপদ দখলি স্বত্বের অনুপাত নিরুপণ জরিপ ২০২৬' এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম যথাসময়ে (১১ মে, ২০২৬) সম্পন্ন হয়েছে। ডাটা প্রসেসিং এর কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান যে, গত ১৯/০৫/২০২৬ তারিখ অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ১০ম সভায় ২য় জরিপের রিপোর্ট ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে প্রকাশ হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতোমধ্যে ২য় জরিপের রিপোর্ট সম্পন্ন হয়েছে; রিপোর্ট রিভিউ এবং যাচাই-বাছাই এর কাজ চলমান রয়েছে। সভাপতি ২য় জরিপের রিপোর্ট রিভিউ এবং যাচাই-বাছাই সম্পন্ন করে চূড়ান্ত রিপোর্ট টাইমলাইন অনুযায়ী **যথাসময়ে** প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও ৩য় জরিপের (কৃষি জমির মালিকানা এবং দখলি স্বত্বের অনুপাত নিরূপণ জরিপ ২০২৬) মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কার্যক্রম ১০ মে ২০২৬ এর মধ্যে যথাযথভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। অর্থ বিভাগের নীতিমালা অনুসরণ করে ৩০ জুন ২০২৬ মাসের মধ্যে শতভাগ আর্থিক ও বাস্তব অগ্রগতি অর্জনের লক্ষ্যে কাজ করারও নির্দেশনা প্রদান করেন।	ক) 'কৃষি জমির মালিকানা এবং দখলি স্বত্বের অনুপাত নিরুপণ জরিপ ২০২৬' (৩য় জরিপ) এর ডাটা প্রসেসিং এর কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করতে হবে। খ) 'কৃষি শ্রম একক প্রতি উৎপাদন ও উৎপাদকের গড় আয় নিরুপণ জরিপ-২০২৫' (২য় জরিপ) এর রিপোর্ট রিভিউ এবং যাচাই-বাছাই সম্পন্ন করে চূড়ান্ত রিপোর্ট জুন, ২০২৬ মাসের মধ্যে প্রকাশ করতে হবে। গ) চলতি অর্থবছর শেষে প্রকল্পের শতভাগ আর্থিক ও বাস্তব অগ্রগতি অর্জন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক
২.	নির্বাচিত ফসলের নন-হিউম্যান কনজাম্পশন এবং ফসলের ক্ষতি ও অপচয় নিরুপণ জরিপ মেয়াদ: অক্টোবর, ২০২৪ - সেপ্টেম্বর, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৯ কোটি ১৫ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের জন্য বরাদ্দ ৭ কোটি ৯০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭ কোটি ৯০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ১ কোটি ২৯ লক্ষ ৫০ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৬.৩৯%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ১৭-৩০ এপ্রিল, ২০২৬ সময়ে 'ফসলের ক্ষতি ও অপচয় নিরুপণ' জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তথ্য সংগ্রকারীসহ জরিপ কাজে সম্পৃক্ত সকলের সম্মানী ভাতাদি পরিশোধের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চান। প্রকল্প পরিচালক জানান যে, অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের ১০০% ব্যয় করা সম্ভব হবে। সভাপতি তথ্যসংগ্রকারীসহ জরিপ কাজে সম্পৃক্ত সকলের সম্মানী ভাতাদি জুন, ২০২৬ মাসের মধ্যে পরিশোধ করার নির্দেশনা প্রদান করার পাশাপাশি অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের ১০০% ব্যয় করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।	ক) তথ্যসংগ্রকারীসহ জরিপ কাজে সম্পৃক্ত সকলের সম্মানী ভাতাদি জুন, ২০২৬ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। খ) অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের ১০০% ব্যয় করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

৩.	ফসলের উৎপাদন ব্যয় জরিপ ২০২৫ মেয়াদ: জুলাই, ২০২৫ - ডিসেম্বর, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৮ কোটি ৭৯ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের জন্য বরাদ্দ ৪ কোটি ৪২ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৭৬ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ১ কোটি ২৪ লক্ষ ৬০ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ২৮.১৯%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ফসলের উৎপাদন ব্যয় জরিপ-২০২৫ প্রকল্পের ১ম জরিপ (আলু, গম, পেঁয়াজ ও শীতকালীন বেগুন) এর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের কার্যক্রম গত ১৭ হতে ৩০ এপ্রিল ২০২৬ তারিখে সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায় হতে প্রাপ্ত ১ম জরিপের ডেটা ক্লিনিং ও প্রক্রিয়াকরণ শুরু করা হয়েছে। সভাপতির প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় জানান, অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের সমুদয় অর্থ ব্যয় করা সম্ভব হবে। সভাপতি ফসলের (আলু, গম, পেঁয়াজ ও শীতকালীন বেগুন) উৎপাদন ব্যয় জরিপ-২০২৫ (১ম জরিপ) এর জরিপের ডেটা ক্লিনিং ও প্রক্রিয়াকরণ যথাযথভাবে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে অবশিষ্ট অর্থের ১০০% ব্যয় করার নির্দেশনা প্রদান করেন।	ক) ফসলের (আলু, গম, পেঁয়াজ ও শীতকালীন বেগুন) উৎপাদন ব্যয় জরিপ-২০২৫ (১ম জরিপ) এর জরিপের ডেটা ক্লিনিং ও প্রক্রিয়াকরণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। খ) অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে অবশিষ্ট অর্থের ১০০% ব্যয় করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন ৭ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বিশেষ সভায় উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক
৪.	সিটিজেন পারসেপশন সার্ভে (সিপিএস) প্রকল্প মেয়াদ: অক্টোবর, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ৮৩ লক্ষ ৫২ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ১ কোটি ১৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ১৩ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৭৬ লক্ষ ৭৬ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয় ৬৭.৯৩%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, সংশোধিত ডিপিপি অনুযায়ী মে, ২০২৬ মাসে দুইটি প্রশিক্ষণ ১০-১৪ মে ২০২৬ এবং ১৭-২১ মে ২০২৬ তারিখে সম্পন্ন করা হয়। সভাপতি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, জুন ২০২৬ এর মধ্যে ৮০% ব্যয় হবে এবং অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে ৯৮% ব্যয় হবে। সভাপতি অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের শতভাগ অর্থ ব্যয় করার নির্দেশনা প্রদান করেন।	অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের শতভাগ অর্থ ব্যয় করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন ৭ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বিশেষ সভায় উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

৫.	হাউজহোল্ড বেইজড এডুকেশন সার্ভে (HBES) প্রকল্প মেয়াদ: ০১ জুলাই, ২০২৫ - ৩০ জুন, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৮ কোটি ৫৫ লক্ষ ৪২ হাজার টাকা (জিওবি)	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের অনুকূলে ১ কোটি ৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা সম্পূর্ণ জিওবি। ছাড়কৃত অর্থের পরিমান ১ কোটি ৬ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ২২ লক্ষ ২৪ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয় ২১.০০%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, জরিপের খসড়া প্রশ্নপত্র প্রস্তুতের ক্ষেত্রে ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামত ও অংশীজনদের চাহিদা নিশ্চিতকল্পে ইতোমধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো বরাবর পত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে এ বিষয়ে তাদের ইতিবাচক মতামত পাওয়া গেছে। জরিপের খসড়া প্রশ্নপত্রের উপর অংশীজনদের মতামত গ্রহণের লক্ষ্যে আরও একটি কনসালটেশন ওয়ার্কশপ ১০ জুন ২০২৬ তারিখে আয়োজনের প্রস্তুতি চলমান রয়েছে। তাছাড়া, আর্থিক অগ্রগতির বিষয়ে সভাপতির প্রশ্নের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে, জুন ২০২৬ এর মধ্যে ১০০% অর্থ ব্যয় করা সম্ভব হবে না। সভাপতি জরিপের খসড়া প্রশ্নপত্রের উপর অংশীজনদের মতামত গ্রহণের লক্ষ্যে কনসালটেশন ওয়ার্কশপ ১০ জুন ২০২৬ তারিখে আয়োজনের নির্দেশনার পাশাপাশি জুন ২০২৬ এর মধ্যে প্রত্যাশিত আর্থিক অগ্রগ্রতি অর্জনের নির্দেশনা প্রদান করেন।	ক) জরিপের খসড়া প্রশ্নপত্রের উপর অংশীজনদের মতামত গ্রহণের লক্ষ্যে ১০ জুন ২০২৬ তারিখ কনসালটেশন ওয়ার্কশপ আয়োজন করতে হবে। খ) জুন ২০২৬ এর মধ্যে প্রত্যাশিত আর্থিক অগ্রগ্রতি অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক
৬.	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ শীর্ষক কারিগরি প্রকল্প মেয়াদ: জানুয়ারি, ২০২৪ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৫ কোটি ২১ লক্ষ ৩৯ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে এ প্রকল্পের বরাদ্দ ৭ কোটি ৮৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৪৯ লক্ষ ৫০ হাজার টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৮৩ লক্ষ ৯১ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১০.৬৭%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, দুইটি ফার্ম নিয়োগের লক্ষ্যে RFP ইস্যু করা হয়েছে। BGISP Website এর ফাইন টিউনিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, Geocode Automation এর মেথডোলজি চূড়ান্তকরণ কার্যক্রমও চলমান রয়েছে। স্টেকহোল্ডারদের নিয়ে এ সংক্রান্ত একটি ওয়ার্কশপ আয়োজন করা হবে। সভাপতি Statistical Data GIS Data-তে রুপান্তরের লক্ষ্যে QCBS পদ্ধতিতে ফার্ম নিয়োগ যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, BGISP Website প্রস্তুত ও Geocode Automatioin এর অংশ হিসেবে Metadata Standards and Spatial Data Format Finalization কার্যক্রম প্রকল্প মেয়াদে সঠিকভাবে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তিনি প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন।	ক) BGISP Website প্রস্তুত ও Geocode Automatioin এর ফাইন টিউনিং Finalization করার জন্য স্টেকহোল্ডারদের নিয়ে এ সংক্রান্ত একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। খ) অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে ৭ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বিশেষ সভায় উপস্থাপনা প্রদান করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

৭.	Capacity Building of Statistics Services based on Platform প্রকল্প (KOICA) মেয়াদ: জুলাই, ২০২৩ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৪৪ কোটি ০৭ লক্ষ টাকা (জিওবি: ৩৭ কোটি ৯২ লক্ষ এবং প্রকল্প সাহায্য: ১০৬ কোটি ১৫ লক্ষ)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ৪৩ কোটি ৩৭ লক্ষ টাকা (জিওবি: ১৮,৩৩.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য: ২৫,০৪.০০ লক্ষ টাকা)। ছাড়কৃত অর্থের পরিমাণ জিওবি: ১৮,৩৩.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ১৬ কোটি ৬০ লক্ষ ৫৫ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৩৮.২৯%। প্রকল্প পরিচালক পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে সউদি আরব থাকায় প্রকল্প সংশ্লিষ্ট তাঁর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় চলতি অর্থবছরের নির্ধারিত দুইটি কার্যক্রম যথা-সার্ভার রুম রেনোভেশন (হার্ডওয়্যার ও সলুশন ক্রয়, সেট আপ, ডিসমেন্টাল ওয়ার্ক ইত্যাদি) (৫ কোটি টাকা) এবং বিগ ডেটা সলুশন প্ল্যাটফর্ম (২.৫ কোটি টাকা) প্রস্তুতের লক্ষ্যে ফার্ম নিয়োগ কার্যক্রম যথাযথ প্রক্রিয়ায় রি-টেন্ডার করার কার্যক্রম গ্রহণ করায় আর্থিক অগ্রগতি কম হয়েছে। দাখিলকৃত তিনটি বিডের মধ্যে প্রথমটি বাজার মূল্যের চেয়ে অনেক বেশি মূল্য এবং অপরটি অনেক কম বিড করেছে। অন্যটির ক্ষেত্রে শর্টলিস্টেটকৃত (Shortlistet) ৩টি কোম্পানিই Trames of Reference অনুযায়ী অভিজ্ঞতা ও যোগ্যতা প্রমাণ দিতে অপারগ হয়। সভাপতি প্রকল্পের আওতায় চলতি অর্থবছরের নির্ধারিত সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের আওতায় চলতি অর্থবছরের নির্ধারিত সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, এবং প্রকল্প পরিচালক
৮.	Intergating Geospatial Information with Gender & Vital Statistics in BBS শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প মেয়াদ: এপ্রিল, ২০২৩ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ১৮ লক্ষ ৫ হাজার টাকা (জিওবি: ১ কোটি ২৭ লক্ষ ৯ হাজার টাকা এবং প্রকল্প সাহায্য (UNFPA): ১০ কোটি ৯০ লক্ষ ৯৬ হাজার টাকা)।	২০২৫-২০২৬ অর্থবছরে এ প্রকল্পের আরএডিপি'তে বরাদ্দ ১ কোটি ৬০ লক্ষ টাকা (জিওবি: ৩০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য: ১৩০.০০ লক্ষ টাকা)। ছাড়কৃত অর্থের পরিমাণ জিওবি: ৩০.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৭৯ লক্ষ ৪৯ হাজার টাকা। আরএডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৪৯.৬৮%। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের আওতায় Unmet Needs for Family Planning সংক্রান্ত রিপোর্ট জুন ২০২৬ এর মধ্যে প্রকাশ করা হবে। এছাড়াও SVRS এর TFR এবং Life Expectancy Rate ব্যবহার করে Population Projection কার্যক্রম জুন ২০২৬ এর মধ্যে সম্পন্ন করা হবে। সভাপতি প্রকল্পের আওতায় Unmet Needs for Family Planning সংক্রান্ত চূড়ান্ত রিপোর্ট জুন, ২০২৬ এর মধ্যে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করেন। একই সাথে Population Projection এর কার্যক্রমও জুন ২০২৬ এর মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করারও নির্দেশনা প্রদান করেন।	ক) প্রকল্পের আওতায় Unmet Needs for Family Planning সংক্রান্ত চূড়ান্ত রিপোর্ট জুন ২০২৬ এর মধ্যে প্রকাশ করতে হবে। খ) Population Projection এর কার্যক্রম জুন ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে। গ) অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের শতভাগ অর্থ যথানিয়মে ব্যয় করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

৯.	বাংলাদেশের জনতাত্ত্বিক ও স্বাস্থ্য পরিসংখ্যান উন্নতকরণ প্রকল্প। মেয়াদ: জানুয়ারি, ২০২৪ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২০ কোটি ১০ লক্ষ ৫৮ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে বর্ণিত প্রকল্পের আরএডিপি'তে বরাদ্দ ৬ কোটি ৮৯ লক্ষ ২৭ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪ কোটি ৭৮ লক্ষ ৫০ হাজার টাকা। এপ্রিল, ২০২৬ মাস পর্যন্ত ব্যয় ৫ কোটি ১৩ লক্ষ ৮৬ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৭৪.৫৫%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, Elderly Population Survey (EPS) জরিপের ডাটা এ্যানালাইসিস সম্পন্ন করে খসড়া রিপোর্ট রাইটিং এর কাজ শুরু করা হয়েছে। আগামী ৩০ জুন ২০২৬ এর মধ্যে রিপোর্ট প্রকাশ করার নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি Elderly Population Survey (EPS) এর ডাটা এ্যানালাইসিস সম্পন্ন করে ৩০ জুন ২০২৬ এর মধ্যে রিপোর্ট প্রকাশ করার পাশাপাশি প্রকল্পের শতভাগ আর্থিক অগ্রগতি অর্জনের নির্দেশনা প্রদান করেন।	ক) Elderly Population Survey (EPS) এর ডাটা এ্যানালাইসিস যথাযথভাবে সম্পন্ন করে আগামী ৩০ জুন, ২০২৬ এর মধ্যে রিপোর্ট প্রকাশ করতে হবে। খ) অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আরএডিপি বরাদ্দের শতভাগ অর্থ যথানিয়মে ব্যয় করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক
১০.	বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিসটিক্স শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্প। মেয়াদ: অক্টোবর, ২০২৫ - জুন, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২১ কোটি ৪৫ লক্ষ টাকা (জিওবি)।	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের অনুকূলে বিশেষ থোক হতে ৫৪ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫৪ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্পের আওতায় Time Use Survey (TUS) শীর্ষক জরিপের লিস্টিং ফরম চূড়ান্তকরণ ও Survey Methodology নির্ধারণ করা হয়েছে। Time Use Survey (TUS) এর লিস্টিং ও মূল তথ্য সংগ্রহের প্রক্রিয়া চলমান রয়েছে। এ পর্যায়ে সভাপতি প্রকল্পের অগ্রগতি কম হওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি সদ্য অনুমোদিত হওয়ার কারণে আরএডিপিতে কোন বরাদ্দ ছিলনা। তবে থোকে থেকে চলতি মাসে বরাদ্দ পাওয়া যায়। তদুপরি অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে বরাদ্দকৃত অর্থের ১০০% ব্যয় করা সম্ভব হবে। সভাপতি প্রকল্পের আওতায় Time Use Survey (TUS) এর লিস্টিং ও মূল তথ্য সংগ্রহ নির্ধারিত সময়ে যথাযথভাবে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিতপূর্বক আর্থিক ও বাস্তব অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করার নির্দেশনা প্রদান করেন।	ক) প্রকল্পের আওতায় Time Use Survey (TUS) এর লিস্টিং ও মূল তথ্য সংগ্রহ নির্ধারিত সময়ে যথাযথভাবে সম্পন্ন করতে হবে। খ) অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে ৭ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বিশেষ সভায় উপস্থাপনা প্রদান করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক

১১.	অর্থনৈতিক শুমারি-২০২৩ শীর্ষক প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৩ - ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৫৭৯ কোটি ৫২ লক্ষ ৯৮ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে এ প্রকল্পের বরাদ্দ ৩৬ কোটি ৬৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ২৩ কোটি ৫০ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ৪ কোটি ৬ লক্ষ ৩৮ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১১.০৯%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-২) এর ট্যাবুলেশন প্ল্যান চূড়ান্ত হয়েছে এবং ডটা প্রসেসিং এর কাজ চলমান রয়েছে। রিপোর্টটি মে, ২০২৬ মাসে প্রকাশ করার নিমিত্ত সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। তিনি আরও জানান যে, আগামী ৬ জুন ২০২৬ তারিখ হতে SBR এর তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হবে। Small and Medium Establishment (SME) জরিপের প্রশ্নপত্র চূড়ান্তকরণের লক্ষ্যে একটি কর্মশালা জুন ২০২৬ মাসে আয়োজন করা হবে। সভাপতি ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-২) মে, ২০২৬ এর মধ্যে প্রকাশ করা এবং SBR এর তথ্য সংগ্রহ কার্যক্রম ৩০ জুন ২০২৬ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করার লক্ষ্যে সর্বাত্বক প্রচেষ্টা করারও নির্দেশনা প্রদান করেন।	ক) ন্যাশনাল রিপোর্ট (ভলিউম-২) মে, ২০২৬ মাসে প্রকাশ করতে হবে। খ) SBR এর তথ্য সংগ্রহ কার্যক্রম ৩০ জুন ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে। গ) অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে প্রকল্পের আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করার লক্ষ্যে সর্বাত্বক প্রচেষ্টা করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক
১২.	ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ প্রকল্প। মেয়াদ: অক্টোবর, ২০২৩ - জুন, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৪১ কোটি ১৯ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ১২ কোটি ০৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১০ কোটি ৮৭ লক্ষ টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ০৮ কোটি ০৮ লক্ষ ৫২ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৬৭.১৫%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক ২য় জরিপের ৩য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতের সময়সীমা ৩০ জুন ২০২৬। সে লক্ষ্যে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৬) তথ্য সংগ্রহের কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে যা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। সভাপতি প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক ২য় জরিপের ৩য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন ৩০ জুন ২০২৬ সময়ের মধ্যে প্রস্তুত ও প্রকাশের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৬) তথ্য সংগ্রহের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। অর্থ বিভাগের নির্দেশনা অনসরণপূর্বক বাস্তব কার্যক্রমের পাশাপাশি শতভাগ আর্থিক অগ্রগতি অর্জনের বিষয়েও তিনি নির্দেশনা প্রদান করেন।	ক) "ICT প্রয়োগ ও ব্যবহার জরিপ ২০২৫-২৬" শীর্ষক ২য় জরিপের ৩য় কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন ৩০ জুন ২০২৬ সময়ের মধ্যে প্রস্তুত ও প্রকাশ করতে হবে। খ) ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০২৬) তথ্য সংগ্রহের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। গ) অর্থ বিভাগের নির্দেশনা অনসরণপূর্বক বাস্তব কার্যক্রমের পাশাপাশি শতভাগ আর্থিক অগ্রগতিও অর্জন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

১৩.	নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ (এসএসআইএসএস)। মেয়াদ: জানুয়ারি, ২০২৫ - ডিসেম্বর, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৮ কোটি ৬৫ লক্ষ টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে আলোচ্য প্রকল্পের বরাদ্দ ৬ কোটি ৯৫ লক্ষ ০৭ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ২ কোটি ৭৩ লক্ষ ০১ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৩৯.২৮%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, SMI জরিপের বৃহৎ কিছু প্রতিষ্ঠানের তথ্য কিছুটা বিলম্বে হার্ড কপির মাধ্যমে প্রাপ্ত হওয়ায় ডিজিটাল এন্ট্রির কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে প্রাপ্ত তথ্যের এডিটিং ও কোডিং কার্যক্রম শুরু হয়েছে। মে ২০২৬ এর মধ্যে তথ্যের ডিজিটাল এন্ট্রির কার্যক্রম এবং জুন ২০২৬ এর মধ্যে এডিটিং ও কোডিং কার্যক্রম সম্পন্ন করা হবে। প্রকল্প টিম ও ওয়ার্কিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক কুটির শিল্প জরিপ ২০২৬ এর খসড়া প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। খসড়া প্রশ্নপত্র চূড়ান্ত করার নিমিত্ত ১৭ মে ২০২৬ স্টেকহোল্ডার কনসালটেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রশ্নপত্র চূড়ান্ত করার কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া, কুটির শিল্প জরিপের স্যাম্পল সাইজ ইতোমধ্যে চূড়ান্ত করা হয়েছে। সভাপতি SMI জরিপের আওতায় সংগৃহীত তথ্য দ্রুত প্রক্রিয়াকরণ করে রির্পোট যথাসময়ে প্রকাশ করা এবং কুটির শিল্প জরিপের সকল প্রস্তুতি চূড়ান্ত করে জরিপ শুরু করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া তিনি প্রকল্পের আর্থিক অগ্রগতি অর্জন করার বিষয়ে সর্বাত্বক পদক্ষেপ গ্রহণ করারও নির্দেশনা প্রদান করেন।	ক) SMI জরিপের আওতায় সংগৃহীত তথ্য দ্রুত প্রক্রিয়াকরণ করে রির্পোট যথাসময়ে প্রকাশ করতে হবে। খ) কুটির শিল্প জরিপ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে শুরু করতে হবে। গ) প্রকল্পের আওতায় ইতোমধ্যে সম্পাদিত সকল কার্যক্রমের বিল পরিশোধপূর্বক আর্থিক অগ্রগিত বৃদ্ধি করতে হবে। ঘ) অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে আর্থিক অগ্রগতি প্রত্যাশিত মাত্রায় বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে ৭ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বিশেষ সভায় উপস্থাপনা প্রদান করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক
১৪.	ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (QGDP) এবং জেলা ভিত্তিক মোট দেশজ উৎপাদ (DGDP) উন্নয়ন শীর্ষক প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২৩ কোটি ৩৯ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ৮ কোটি ৪৬ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৮ কোটি টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ৬ কোটি ৪৭ লক্ষ ৪৮ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৭৬.৪৮%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, District GDP (DGDP) প্রণয়নের লক্ষ্যে সকল জেলা থেকে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই ও প্রক্রিয়াকরণের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে যা জুন, ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন হবে। তাছাড়া, অর্থনৈতিক শুমারি থেকে প্রাপ্ত তথ্য Template এ সন্নিবেশনের কাজ সম্পন্ন হয়েছে। সভাপতি District GDP (DGDP) প্রণয়নের লক্ষ্যে সকল জেলায় প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই ও প্রক্রিয়াকরণের কার্যক্রম জুন, ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। বাস্তব অগ্রগতির পাশাপাশি শতাভাগ আর্থিক অগ্রগতি অর্জনের বিষয়েও তিনি নির্দেশনা প্রদান করেন।	ক) District GDP (DGDP) প্রণয়নের লক্ষ্যে সকল জেলা থেকে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই ও প্রক্রিয়াকরণের কার্যক্রম জুন, ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। খ) বাস্তব অগ্রগতির পাশাপাশি শতাভাগ আর্থিক অগ্রগতিও অর্জন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

১৫.	বাংলাদেশ পোভার্টি অ্যান্ড লাইভলিহুড স্ট্যাটিসটিকস (BPLS) প্রকল্প। মেয়াদ: ০১ এপ্রিল, ২০২৫ - ৩১ মার্চ, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৩১ কোটি ৪৫ লক্ষ ৩৭ হাজার টাকা।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের বরাদ্দ ২২ কোটি ২৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৫৬ লক্ষ ২৫ হাজার টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ১ কোটি ৪ লক্ষ ৯৮ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৪.৭২%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আগামী ০১ জুন ২০২৬ হতে ২১ দিনব্যাপী তথ্য সংগ্রহকারীগণের এবং ০৫ দিনব্যাপী সুপারভাইজিং কর্মকর্তাদের আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হবে। আগামী ০১ জুলাই ২০২৬ হতে জরিপের তথ্য সংগ্রহ শুরু করার লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান। সভাপতি ০১ জুন ২০২৬ তারিখে শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য সংগ্রহকারীগণের ও সুপারভাইজিং কর্মকর্তাদের আবাসিক প্রশিক্ষণ সম্পন্ন করে যথারীতি ০১ জুলাই ২০২৬ হতে জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন।	ক) জুন ২০২৬ মাসের মধ্যে তথ্য সংগ্রহকারীগণের ও সুপারভাইজিং কর্মকর্তাদের আবাসিক প্রশিক্ষণ সম্পন্ন করে ০১ জুলাই ২০২৬ হতে জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু করতে হবে। গ) অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে প্রকল্পের আর্থিক অগ্রগতি কাংখিত মাত্রায় বৃদ্ধি করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক
১৬.	ক্ষুদ্র-নৃগোষ্ঠীদের আর্থ-সামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ-২০২৫ প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৫ - জুন, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২৮ কোটি ৭৪ লক্ষ টাকা।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের অনুকূলে ২ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে, যা সম্পূর্ণ জিওবি। ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার টাকা। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ই-জিপি'তে ক্রয় কার্যক্রম পিপিআর-২০২৫ অনুযায়ী সম্পাদনের কার্যক্রম চলমান রয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে খসড়া প্রশ্নপত্র ও খসড়া ম্যানুয়াল যথাযথভাবে প্রস্তুতের কাজ চলমান থাকার পাশাপাশি CAPI Apps প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে ১০০% ব্যয় করা সম্ভব হবে। সভাপতি ই-জিপি'তে ক্রয় কার্যক্রম পিপিআর-২০২৫ অনুযায়ী যথাযথভাবে সম্পাদন ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে খসড়া প্রশ্নপত্র ও খসড়া ম্যানুয়াল যথাযথভাবে প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও অর্থ বিভাগের Embargo ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে যথাযথভাবে ১০০% ব্যয় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।	ক) ই-জিপি'তে ক্রয় কার্যক্রম পিপিআর-২০২৫ অনুযায়ী সম্পাদন করতে হবে। খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খানা তালিকা প্রণয়নের লক্ষ্যে খসড়া প্রশ্নপত্র ও খসড়া ম্যানুয়াল যথাযথভাবে প্রস্তুত ও CAPI Apps প্রণয়ন কার্যক্রম ৩০ জুন ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। গ) অর্থ বিভাগের স্থগিতাদেশ (Embargo) ব্যতীত জুন ২০২৬ সময়ের মধ্যে যথাযথভাবে ১০০% অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক বিবিএস, এবং প্রকল্প পরিচালক

১৭.	Statistical Capacity Enhancement and Modernization Project (SCEMP) প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৫ – জুন, ২০৩০ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় ১ হাজার ৯৬ কোটি ৪০ লক্ষ টাকা (৯৬ কোটি টাকা জিওবি + ১০০০ কোটি ৪০ লক্ষ টাকা বিশ্ব ব্যাংকের ঋণ সহায়তা)	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে বর্ণিত প্রকল্পের অনুকূলে ৩০ কোটি ৬৫ লক্ষ ৫ হাজার টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭২ লক্ষ ০৫ হাজার টাকা। এপ্রিল, ২০২৬ পর্যন্ত ব্যয় ৪ লক্ষ ৯৫ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.১৬%। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, পরিবেশ সংরক্ষণ ব্যয়, সম্পদ এবং বর্জ্য ব্যবস্থাপনা (প্রতিষ্ঠান) জরিপ ২০২৬ এবং বর্জ্য ব্যবস্থাপনা (সিটি কর্পোরেশন ও পৌরসভা) জরিপ ২০২৬ এর ০৪-০৬ মে ২০২৬ মাস্টার ট্রেইনার ও ০৭-১০ মে ২০২৬ গণনাকারী/সুপারভাইজারদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম ১১ মে ২০২৬ থেকে শুরু হয়েছে যা ২৪ মে ২০২৬ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় আরও তিনটি জরিপের প্রাথমিক পর্যায়ের প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান। অনুমোদিত জরিপ ক্যালেন্ডার অনুযায়ী ০২ হতে ২৮ জুন ২০২৬ সময়ের মধ্যে জরিপগুলোর তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে। বিশ্বব্যাংকের গাইডলাইন যথাযথ অনুসরণপূর্বক Procurement Specialist Financial Management Specialist সহ অন্যান্য সকল পরামর্শক নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি 'প্রকল্পের অনুমোদিত জরিপ ক্যালেন্ডার অনুযায়ী অবশিষ্ট তিনটি জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রম ০২ হতে ২৮ জুন ২০২৬ সময়ের মধ্যে পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের TAPP অনুযায়ী নির্ধারিত জনবল বিশেষ করে সকল পরামর্শক (Individual Consultant) বিশ্বব্যাংকের গাইডলাইন যথাযথ অনুসরণপূর্বক দ্রুত হাইয়ারিং/নিয়োগ সম্পন্ন করাসহ প্রকল্পের আর্থিক অগ্রগতি অর্জন করার বিষয়ে সর্বাত্বক পদক্ষেপ গ্রহণ করারও নির্দেশনা প্রদান করেন।	ক) প্রকল্পের অনুমোদিত জরিপ ক্যালেন্ডার অনুযায়ী অবশিষ্ট তিনটি জরিপের তথ্যসংগ্রহ কার্যক্রম ০২ জুন হতে ২৮ জুন ২০২৬ সময়ের মধ্যে পরিচালনা করতে হবে। গ) প্রকল্পের আর্থিক অগ্রগতি অর্জন করার বিষয়ে সর্বাত্বক পদক্ষেপ গ্রহণ করতে হবে। গ) প্রকল্পের TAPP অনুযায়ী নির্ধারিত জনবল বিশেষ করে সকল পরামর্শক (Individual Consultant) বিশ্বব্যাংকের গাইডলাইন যথাযথ অনুসরণপূর্বক দ্রুত হাইয়ারিং/নিয়োগ সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, এবং প্রকল্প পরিচালক

১৮.	এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক কারিগরি প্রকল্প। মেয়াদ: জুলাই, ২০২৩ - জুন, ২০২৬ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৬ কোটি ৩১ লক্ষ ৫৯ হাজার টাকা (জিওবি)।	২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে এ প্রকল্পের বরাদ্দ ১ কোটি ২৭ লক্ষ ৫৫ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৫ লক্ষ ৬৬ হাজার টাকা। মার্চ, ২০২৬ পর্যন্ত ব্যয় ৫৫ লক্ষ ৮৮ হাজার টাকা। আরএডিপি'তে বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৪৩.৮১%। প্রকল্প পরিচালক বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের ২৯তম NDCC সভাটি জুন ২০২৬ সময়ের মধ্যে আয়োজন করা হবে। তাছাড়া, NDCC-এর ২৯তম সভা আয়োজনের পূর্বে জুন, ২০২৬ সময়ের মধ্যে ০৯টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সভা আয়োজন করা হবে। সভাপতি ২০২৫-২৬ অর্থবছরে National Data Coordination Committee (NDCC)-এর **২৯তম** সভা যথাসময়ে আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আর্থিক অগ্রগতি অর্জন করার বিষয়ে সর্বাত্বক পদক্ষেপ গ্রহণ করারও নির্দেশনা প্রদান করেন। তাছাড়াও তিনি প্রকল্পের আর্থিক অগ্রগতি অর্জন করার বিষয়ে সর্বাত্বক পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	ক) ২০২৫-২৬ অর্থবছরে National Data Coordination Committee (NDCC)-এর **২৯তম** সভা জুন ২০২৬ মাসের মধ্যে আয়োজন করতে হবে। খ) NDCC'র সভা আয়োজনের পূর্বে ৯টি কারিগরি পরামর্শ কমিটির সভা জুন, ২০২৬ সময়ের মধ্যে আয়োজন সম্পন্ন করতে হবে। গ) প্রকল্পের আর্থিক অগ্রগতি অর্জন করার বিষয়ে সর্বাত্বক পদক্ষেপ গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন-১) SID, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক

৪। ২০২৫-২৬ অর্থবছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের তথ্যাদি (সবুজ পাতা):

ক্রম:	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান জরিপ ২০২৫। মেয়াদ: সেপ্টেম্বর, ২০২৫ হতে আগস্ট, ২০২৭ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১২ কোটি ২১ লক্ষ ৮২ হাজার টাকা।	সভায় অবহিত করা হয় যে, ২৩-১০-২০২৫ তারিখ প্রকল্পের প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা নিরূপণ সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে ০৮-০১-২০২৬ তারিখ পরিকল্পনা কমিশনে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য ০১-০২-২০২৬ তারিখ পরিকল্পনা উপদেষ্টা বরাবর সারসংক্ষেপ উপস্থাপন করা হলে তিনি প্রকল্পটি শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে পরামর্শ করে সমন্বয় করার নির্দেশনা প্রদান করেন। পর্যবেক্ষণ অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মতামত/সম্মতি গ্রহণের জন্য এ বিভাগ হতে পত্র প্রেরণ করা হলে মতামত/পরামর্শ পাওয়া গেছে।	০২ জুন ২০২৬ তারিখের মধ্যে ডিপিপি প্রণয়নপূর্বক অত্র বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আশিফা শারমিন, উপপরিচালক, বিবিএস।
২.	স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম। মেয়াদ: অক্টোবর, ২০২৫ হতে ডিসেম্বর, ২০২৮ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ২২১ কোটি ৫৭ লক্ষ ৬২ হাজার টাকা।	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য ১৮-১২-২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। তাছাড়া, ০৫-০১-২০২৬ তারিখ প্রকল্পের জনবল সুপারিশের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১৮-০২-২০২৬ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি প্রেরণের জন্য বিবিএসকে পত্র প্রেরণ করা হয়েছে। ২৭-০৪-২০২৬ তারিখে অর্থ বিভাগে জনবল কমিটির সভা অনুষ্ঠিত হয়। পিইসি এবং জনবল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণের জন্য গত ০৭-০৫-২০২৬ তারিখে বিবিএস-এ পত্র প্রেরণ করা হয়েছে।	পিইসি এবং জনবল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণের করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মো. আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএস।

৩.	শ্রমশক্তি এবং শিশুশ্রম পরিসংখ্যান প্রকল্প। মেয়াদ: জানুয়ারি, ২০২৬ হতে ডিসেম্বর, ২০২৯ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৯৮লক্ষ ৫২ হাজার টাকা।	সভায় অবহিত করা হয় যে, ১১-১২-২০২৫ তারিখ ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে এবং একই তারিখে জনবল প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের DPP সংক্রান্ত সকল তথ্য ইতোমধ্যে PPS সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে। ২৭-০৪-২০২৬ তারিখে অর্থ বিভাগে প্রকল্পের পুনর্গঠিত ডিপিপির উপর জনবল কমিটির সভা অনুষ্ঠিত হয়। ০৭-০৫-২০২৬ তারিখে অর্থ বিভাগে পদ/জনবল কমিটির সুপারিশ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি প্রেরণের জন্য বিবিএস-এ কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে।	জনবল কমিটির সুপারিশ অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি প্রণয়নপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আজিজা রহমান উপপরিচালক, বিবিএস।
৪.	Multi-Sectoral Nutrition Information System & Nutrition Surveillance Project। বাস্তবায়নকাল:	সভায় অবহিত করা হয় যে, ২৯/০৩/২০২৬ তারিখ Multi-Sectoral Nutrition Information System ও National Nutrition Surveillance Systems (NNSS) ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। ওয়ার্কশপ হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, এ বিষয়ে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।	ডিপিপি/টিএপিপি প্রণয়ন করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নাইমা আকতার, উপপরিচালক, বিবিএস।
৫.	বাংলাদেশ ইনফরমাল সেক্টর ও কর্মসংস্থান জরিপ (BISES) ২০২৬ শীর্ষক প্রকল্প। বাস্তবায়নকাল: জানুয়ারি, ২০২৬ হতে জুন, ২০২৯ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: ১৮ কোটি ৬৯ লক্ষ ১৪ হাজার টাকা।	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের ডিপিপি PPS সফটওয়্যারে এন্ট্রি সম্পন্ন করা হয়েছে যা SID-তে প্রেরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। ডিপিপি পুনর্গঠন করে এ বিভাগে প্রেরণের জন্য বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি পুনর্গঠিত ডিপিপি পাওয়া যায়নি। সংশ্লিষদের বক্তব্য শোনা যেতে পারে।	ডিপিপি প্রণয়ন করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, লিজেন শাহ নঈম, উপপরিচালক, বিবিএস।

৬	মূল্য ও মজুরি সূচক সংকলন কাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩১ ডিসেম্বর ২০২৯। প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৫০ লক্ষ টাকা।	প্রকল্প সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সজন হায়দার, উপপরিচালক, বিবিএস।
৭	লাইভস্টক ও পোল্ট্রি সার্ভে ২০২৬ বাস্তবায়নকাল: জুলাই ২০২৬ হতে জুন ২০২৯। প্রাক্কলিত ব্যয়: ৪৮ কোটি ৮৮ লক্ষ টাকা।	প্রকল্প সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মোঃ রফিকুল ইসলাম, উপপরিচালক, বিবিএস।
৮	মাল্টিডাইমেনশনাল ওয়েলবিং সার্ভে প্রকল্প বাস্তবায়নকাল: ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০৩০। প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৭৫ লক্ষ টাকা।	প্রকল্প সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ফারহানা সুলতানা, উপপরিচালক, বিবিএস।
৯	ক্যাপাসিটি ইনহ্যান্সমেন্ট অব বিবিএস ইন রিসার্চ মেথোডোলজি এন্ড পলিসি অপশন প্রকল্প বাস্তবায়নকাল: ১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৯। প্রাক্কলিত ব্যয়: ৩১ কোটি ৫১ লক্ষ টাকা।	প্রকল্প সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আকলিমা খাতুন, উপপরিচালক, বিবিএস।

৫। বিবিধ:

ক্রম:	বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

১.	নৌযান শুমারি -	ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থাপন করেন যে, শুমারি প্রথা অনুযায়ী সাধারণত শুমারীকালীন মাঠ পর্যায়ে বিবিএস এর অন্য কোন জরিপ পরিচালিত হয় না। তাই তিনি এ শুমারি চলাকালীন অন্য কোন জরিপ পরিচালনা না করার বিষয়টি সভায় উপস্থাপন করেন।	নৌযান শুমারি চলাকালীন তথ্য সংগ্রহ কার্যক্রমের সাথে জড়িত বিবিএসের জনবল জড়িত এরূপ কোন জরিপ পরিচালনা করা স্থগিত থাকবে।	মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মোঃ আরিফ হোসেন, উপপরিচালক, বিবিএস।
২.	'পর্যটন সম্পর্কিত পরিসংখ্যানের পরিধি ও প্রভাব নিরূপণের লক্ষ্যে ট্যুরিজম স্যাটেলাইট একাউন্ট (টিএসএ) প্রস্তুত' শীর্ষক কার্যক্রম।	সভায় অবহিত করা হয় যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে পর্যটন সম্পর্কিত পরিসংখ্যানের পরিধি নির্ধারণ, ট্যুরিজম স্যাটেলাইট অ্যাকাউন্ট (টিএসএ) প্রস্তুত ও টেকসই উন্নয়ন অভীষ্টের সাথে সামঞ্জস্য রেখে মোট দেশজ উৎপাদ (জিডিপি)-তে পর্যটন খাতের অবদান নিরূপণের পাশাপাশি এবং পারস্পরিক তথ্য-উপাত্ত আদান-প্রদান করার উদ্দেশ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর মধ্যে গত ২৬/০২/২০২৬ তারিখ একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। কার্যক্রমটি বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অর্থায়নে পরিচালিত। বর্তমানে এ জরিপের স্যাম্পলিং কমিটি গঠন প্রক্রিয়াধীন। ইতোমধ্যে বর্ণিত কার্যক্রমের ওয়ার্কিং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। জরিপের খসড়া প্রশ্নপত্র প্রণয়নের কাজ চলছে।	১) জরিপের স্যাম্পলিং ও প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।	মহাপরিচালক বিবিএস, ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, স্বপন কুমার, উপপরিচালক, বিবিএস।
৩.	যাত্রী ও মালামাল পরিবহন পরিমাণ সম্পর্কিত জরিপ। ফোকাল পয়েন্ট কর্মকর্তা: প্রতীক ভট্টাচার্য্য উপপরিচালক, বিবিএস।	সড়কে চলাচলকৃত যাত্রীবাহী মোটরযান এবং পণ্যবাহী মোটরযানের তথ্য/উপাত্ত প্রস্তুতকরণের নিমিত্ত গঠিত কারিগরি কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক MoU স্বাক্ষরের পূর্বে অর্থ বিভাগের সর্বশেষ পরিপত্র অনুসরণ এবং জরিপ কোডের আওতায় ব্যয় নির্বাহের ক্ষেত্রে প্রযোজ্য ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ১০% আয়কর বিবেচনায় নিয়ে সংশোধিত প্রাক্কলিত বাজেট বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-কর্তৃক অর্থ বিভাগের অনুমোদনের জন্য সংশোধিত বাজেট বিআরটিএ-তে প্রেরণ করা হবে।	ক) জরিপ পরিচালনার নিমিত্ত সমঝোতা স্মারক (MoU) প্রস্তুতপূর্বক স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করে কার্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) সংশোধিত প্রাক্কলিত বাজেট বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-কর্তৃক অর্থ বিভাগের অনুমোদনের জন্য সংশোধিত বাজেট বিআরটিএ-তে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক বিবিএস, ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রতীক ভট্টাচার্য্য, উপপরিচালক, বিবিএস।

৬। সকল প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আগামী ৩০ মে ২০২৬ এর মধ্যে ২০২৫-২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দের বিপরীতে কাংক্ষিত আর্থিক অগ্রগতি অর্জন করতে হবে।

৭। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০৬-২০২৬
মোঃ ফিরোজ সরকার
সচিব
ইমেইল : secy@sid.gov.bd

নম্বর: ৫২.০০.০০০০.০০০.০০৮.১৪.০২৪৯.১৭.২১৪

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০২ জুন ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩। অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। প্রধান (অতিরিক্ত সচিব), শিল্প ও শক্তি বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৫। প্রধান, কার্যক্রম বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬। প্রধান, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৭। প্রধান, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৮। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। যুগ্মসচিব (প্রতিকল্প), উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। যুগ্মসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। যুগ্মসচিব , বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। যুগ্মসচিব, তথ্য ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৩। যুগ্মসচিব (প্রতিকল্প), পরিকল্পনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৪। উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৫। উপসচিব, উন্নয়ন-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৬। উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৭। উপসচিব, পরিকল্পনা শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৮। উপ-মহাপরিচালক, উপ-মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
১৯। পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২০। পরিচালক, ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২১। পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২২। পরিচালক, এসএসটিআই, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২৩। পরিচালক, এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২৪। পরিচালক (রুটিন দায়িত্ব), এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২৫। পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২৬। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-২৬, অর্থ বিভাগ।
২৭। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।।
২৮। পরিচালক (ভারপ্রাপ্ত), সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
২৯। কর্মসূচি পরিচালক, SVRS, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩০। উপপরিচালক, সেন্সাস উইং, ডাটা ম্যানেজমেন্ট, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ক্ষুদ্র-নৃগোষ্ঠীদের আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ-২০২৫ শীর্ষক প্রক
ল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ (TVET) প্রতিষ্ঠান জরিপ ২০২৫, বাংলাদেশ পরিস
ংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩৩। উপপরিচালক, জেন্ডার স্ট্যাটিস্টিক্স সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩৪। প্রোগ্রামার, আইসিটি শাখা (প্রোগ্রামার), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধস
হ)।।
৩৫। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৩৬। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, Quick Poverty Assessment Survey (QPAS)-2025, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
(বিবিএস)।
৩৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৮। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, Multi Sectoral Nutrition Information System & Nutrition Surveillance Proje
ct, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।

৩৯। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পর্যটন সম্পর্কিত পরিসংখ্যানের পরিধি ও প্রভাব নিরূপণের লক্ষ্যে ট্যুরিজম স্যাটেলাইট একাউন্ট (টিএসএ) প্রস্তুত' শীর্ষক কার্যক্রম।, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৪০। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যাত্রী ও মালামাল পরিবহন পরিমাণ সম্পর্কিত জরিপ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৪১। উপপরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।

০২-০৬-২০২৬
মো. দিলদার হোসেন
উপসচিব